



# জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

### অভিবাসন/বৈদেশিক কর্মসংস্থানের

### ধাপ সমূহ :

#### ১ ধাপ

##### মানসিক প্রস্তুতি

জাড়াহুড়া ও আবেগ বশিভূত না হয়ে পরিবারের মুকব্বিদের সাথে আলোচনা করে অভিবাসন খরচ এবং কর্মক্ষেত্রে সবধরনের আয়-ব্যয় ও সুযোগ সুবিধা বিবেচনা করে সিদ্ধান্ত নেওয়া।



#### ২ ধাপ

সংশ্লিষ্ট আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে পাসপোর্ট করা।



#### ৩ ধাপ

সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (DEMO) এ নাম নিবন্ধন করা।



#### ৪ ধাপ

সরকার কর্তৃক অনুমোদিত রিক্রুটিং এজেন্সিতে যাওয়া এবং পত্রিকায় প্রকাশিত সরকারি অনুমোদিত বৈদেশিক কর্মসংস্থান চাহিদাপত্র আছে কিনা তা যাচাই করা। ভিসা পাওয়ার পর রিক্রুটিং এজেন্সির অর্থ পরিশোধ করে টাকা প্রদানের রশিদ সংরক্ষণ করা।



#### ৫ ধাপ

নির্দিষ্ট/অনুমোদিত মেডিকেল সেন্টার থেকে স্বাস্থ্য পরীক্ষা করা



#### ৬ ধাপ

##### ভিসা ও চাকুরীর চুক্তিপত্র দেখা

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর মাধ্যমে ভিসা যাচাই করা এবং চুক্তিপত্রে কোম্পানীর নাম, কাজের ধরন মাসিক বেতন, কর্মঘণ্টা, ওভারটাইমের শর্ত, থাকা খাওয়া, চিকিৎসা সুবিধা, ছুটি, চুক্তির মেয়াদ বাড়ানোর সুযোগ, জীবন বা দুর্ঘটনা বীমা আছে কিনা তা-দেখা।



#### ৭ ধাপ

##### চেক-ইন ব্যাগে প্রস্তুত করণ

চেক-ইন ব্যাগে কোন টাকা-পয়সা, দামী জিনিসপত্র, বিমান টিকেট, পিস্তল, বিস্ফোরক নেশাজাত দ্রব্য, দিয়াশলাই, পচনশীল ও গন্ধযুক্ত খাবার, চাকুরীর কাগজপত্র নেওয়া যাবেনা।



#### ১২ ধাপ

##### ইমিগ্রেশন কাউন্টার যাওয়া

আপনার পাসপোর্ট, চুক্তিপত্র ও ডিস্‌ইমবারকেশন কার্ড জমা দিন। আপনার পাসপোর্ট, চুক্তিপত্র ও অফিসারের প্রয়োজনীয় প্রশ্নের উত্তর দিন- সব ঠিক থাকলে অফিসার আপনাকে বিদেশে যাওয়ার অনুমতি দিবেন।



#### ১৩ ধাপ

##### চেক-ইন করণ

বডিং কার্ডে প্লেনের সিট নম্বর লেখা থাকে, এখন এয়ারপোর্টের টিভি স্ক্রিনে ফ্লাইট নম্বর ও গেট নম্বর লেখা দেখা যাবে তা অনুসরণ করণ।



#### ১৪ ধাপ

##### বিমানে বোডিং

বোডিং কার্ড হাতে নিয়ে প্লেনে উঠার জন্য অপেক্ষা করণ। আপনার টিকেট এর সিট নাম্বার অনুযায়ী প্লেনে অবস্থান করণ ও প্লেনের কর্মকর্তার দিক-নির্দেশনা অনুসরণ করণ। মোবাইন ফোন ও ক্যামেরা বন্ধ রাখুন। ধূমপান থেকে বিরত থাকুন।



#### ১৫ ধাপ

##### বিদেশে এয়ারপোর্টে ইমিগ্রেশন

ডিস্‌ইমবারকেশন কার্ড প্রস্তুত রাখুন, কাস্টমস ডিক্লারেশন ফরম প্রস্তুত রাখুন, ইমিগ্রেশন কাউন্টারের সামনে দাঁড়ান, পাঁচটি জিনিস দেখাতে হতে পারে সেগুলি প্রস্তুত রাখুন (পাসপোর্ট ভিসা, চুক্তি পত্র, ডিস্‌ইমবারকেশন কার্ড ও কাস্টমস ডিক্লারেশন ফরম)। সব ঠিক থাকলে কাস্টমস অফিসার আপনার পাসপোর্টে সিল মেরে বিদায় দিবেন। তারপর এয়ারলাইন্স এর মালপত্র আসার স্থান (কনভেয়ার বেল্ট এর সামনে) অবস্থান করণ এবং সু-শৃঙ্খল ভাবে আপনার ব্যাগ বুকে নিন।



#### ১০ ধাপ

##### প্রবাসী কল্যাণ ডেস্কে গমন

ডিস্‌ইমবারকেশন কার্ড বা (বহিঃ প্রাপ্ত কার্ড) ফরম পূরণ করণ। প্রয়োজনে প্রবাসী কল্যাণ ডেস্ক এর সহায়তা নেন। আপনার স্মার্ট কার্ড ও আঙ্গুলের চাপ রেখে মিল দেখে আপনার ডিস্‌ইমবারকেশন কার্ড এর পেছনে সিল দিবে।



#### ১১ ধাপ

##### সিকিউরিটি চেকিং এবং কাস্টমস চেকিং

এ পর্যায়ে আপনার দেহ তল্লাসী করা হবে, ব্যাগ স্কেনিং মেশিনে দিয়ে পরীক্ষা করা হবে এবং এয়ারলাইন্স স কাউন্টারে গিয়ে লাইনে দাঁড়ান, কাউন্টারে আপনার টিকেট ও পাসপোর্ট দেখান, হাতের ছোট ব্যাগটি কাছে রেখে ট্রাভেলস ব্যাগটি এয়ারলাইন্স কাউন্টারে জমা দিন। বোডিং কার্ড সংগ্রহ করণ।

